

## সাদাপাথরে পর্যটক প্রবেশে নিষেধাজ্ঞা

- A Monitor Desk Report

Date: 02 June, 2025



সিলেটেঃ টানা বৃষ্টি আর পাহাড়ি ঢলে সিলেটে বন্যা পরিস্থিতির অবনতি হওয়ায় জেলার সাদাপাথর পর্যটনকেন্দ্রে পর্যটক প্রবেশে নিষেধাজ্ঞা জারি করেছে উপজেলা প্রশাসন।

রবিবার (১ জুন) বিকালে কোম্পানীগঞ্জ উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) আজিজুন্নাহার স্বাক্ষরিত এক আদেশে এই তথ্য জানানো হয়।

আদেশে বলা হয়, অবিরাম বর্ষণ ও ঢলে ধলাই নদীর পানি অব্যাহতভাবে বৃদ্ধি পাওয়ায় পর্যটনকেন্দ্রগুলো পানিতে তলিয়ে গেছে। এ অবস্থায় পরিস্থিতি স্বাভাবিক না হওয়া পর্যন্ত সাদাপাথর পর্যটনকেন্দ্র বন্ধ ঘোষণা করা হলো। দুর্যোগপূর্ণ আবহাওয়া কেটে গেলে পরবর্তী সময়ে পর্যটনকেন্দ্রটি খুলে দেওয়া হবে।

-B